

আল-লুলু ওয়াল মারজান

হাদিস নম্বরঃ ২৩২

৪/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪/১৯. মুজাদী ইমামের অনুসরণ করবে

اتِّمَامُ الْمَأْمُومِ بِالْإِمَامِ

আরবী

حَدَّثَنَا أَنَسُ بْنُ مَالِكٍ يَقُولُ سَقَطَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ فَرَسٍ فَجَحَشَ شِقُّهُ الْأَيْمَنُ فَدَخَلْنَا عَلَيْهِ نَعُوذُهُ فَحَضَرَتِ الصَّلَاةُ فَصَلَّى بِنَا قَاعِدًا وَقَعَدْنَا فَلَمَّا قَضَى الصَّلَاةَ قَالَ إِنَّمَا جُعِلَ الْإِمَامُ لِيُؤْتَمَّ بِهِ فَإِذَا كَبَّرَ فَكَبِّرُوا وَإِذَا رَكَعَ فَارْكَعُوا وَإِذَا رَفَعَ فَارْفَعُوا وَإِذَا قَالَ سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ فَقُولُوا رَبَّنَا وَلَكَ الْحَمْدُ وَإِذَا سَجَدَ فَاسْجُدُوا

বাংলা

২৩২. আনাস ইবনু মালিক (রাযি.) হতে বর্ণিত, তিনি বলেন, একবার আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঘোড়া হতে পড়ে যান। ফলে তাঁর ডান পাঁজর আহত হয়ে পড়ে। আমরা তাঁর শুশ্রূষা করার জন্য সেখানে গেলাম। এ সময় সালাতের ওয়াক্ত হলো। তিনি আমাদের নিয়ে বসে সালাত আদায় করলেন, আমরাও বসেই আদায় করলাম। সালাতের পর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ ইমাম নির্ধারণ করা হয় তাঁকে ইজ্জিদা করার জন্য। তিনি যখন তাকবীর বলেন, তখন তোমরাও তাকবীর বলবে, তিনি যখন রুকু' করেন তখন তোমরাও রুকু' করবে। তিনি যখন রুকু' হতে উঠেন তখন তোমরাও উঠবে, তিনি যখন **سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ** বলেন, তখন তোমরাও **رَبَّنَا وَلَكَ الْحَمْدُ** বলবে। তিনি যখন সিজদা করেন, তখন তোমরাও সিজদা করবে।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ১০; আযান, অধ্যায় ১২৮, হাঃ ৮০৫; মুসলিম, পর্ব ৪ সালাত, অধ্যায় ১৯, হাঃ ৪১১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=33503>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন